RBI/2017-18/18
IDMD.CDD.No.29/14.04.050/2017-18

জুলাই 06, 2017

চেয়ারম্যান ও প্রাবন্ধিক  নির্দেশক
সকল তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক
(আরআরবি ব্যতীত)
দারিত্বপ্রাপ্ত ডাকঘরসমূহ
স্টক হোল্ডিং করপোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড(এসএইচসিআইএল)
ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং বম্বে স্টক এক্সচেঞ্জ লিমিটেড

মহাশয়া/ মাননীয় মহাশয়,

**সভরেন গোল্ড বন্ড 2017-18 পর্যায় II  - প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা**

এই বিজ্ঞপ্তিটি সভরেন গোল্ড বন্ড 2017-18 পর্যায় II উপর **জুলাই 06, 2017 তারিখাঙ্কিত GoI notification F.No.4(20)-W&M/2017** এবং **RBI circular IDMD.CDD.No.28/14.04.050/2017-18** -এর সাথে সম্পর্কিত। এই সংক্রান্ত প্রায়শঃ জিজ্ঞাস্য প্রশ্নাবলী (FAQs) আমাদের ওয়েবসাইটে (**www.rbi.org.in**) প্রদত্ত আছে। এই যোজনাটি বিষয়ক প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকা নিম্নরূপ:

**1. আবেদন**

জুলাই 10, 2017 থেকে জুলাই 14, 2017 পর্যন্ত মেয়াদকালে শাখাগুলিতে  সাধারণ ব্যাঙ্কিং কাজকর্মের সময়কালে  লগ্নিকারীদের থেকে আবেদনপত্র গ্রহণ করা হবে। যেহেতু অসম্পূর্ণ আবেদন প্রত্যাহারযোগ্য, আবেদন গ্রহণকারী কার্যালয়ের নিশ্চিত করা দরকার যে আবেদনটি  সর্বতোভাবে সম্পূর্ণ। প্রাসঙ্গিক অতিরিক্ত বিশদ তথ্যাদি প্রয়োজনের সাপেক্ষে আবেদনকারীর থেকে সংগ্রহ করা হবে। আবেদন গ্রহণকারী কার্যালয় উন্নততর গ্রাহক পরিষেবার স্বার্থে সেরকম ব্যবস্থাপনা রাখবে যাতে লগ্নিকারীগণ অনলাইন পদ্ধতিতে আবেদন করতে সক্ষম হন।

**2. যৌথ ধারকত্ব এবং মনোনয়ন**

একাধিক যৌথ ধারকত্ব এবং মনোনীত ব্যক্তি (প্রথম ধারকের) থাকার অনুমতি আছে। প্রচলিত ব্যবস্থা অনুযায়ী প্রয়োজনীয় বিশদ তথ্যাদি আবেদনকারীর থেকে সংগ্রহ করে নিতে হবে।

**3. আপনার-গ্রাহককে-জানুন (কেওয়াইসি) সংক্রান্ত প্রয়োজনীয়তা অনুপালন**

বস্তুরূপে সোনা খরিদের ক্ষেত্রে  যেরকমভাবে দরকার হয় সেরকমভাবে আপনার-গ্রাহককে-জানুন (কেওয়াইসি) বিধির অনুপালন করতে হবে। পরিচয় সংক্রান্ত নথি যেমন পাসপোর্ট, পারমানেন্ট অ্যাকাউন্ট নম্বর (প্যান) কার্ড, ভোটার পরিচয় পত্র, আধার কার্ড দরকার হবে। কেবলমাত্র অপ্রাপ্তবয়স্কদের ক্ষেত্রে, ব্যাঙ্ক অ্যাকাউন্ট নম্বর কেওয়াইসি যাচাই-এর জন্য বৈধ বলে বিবেচিত হবে। কেওয়াইসি কার্য সম্পাদন করবে, জারিকরণকারী ব্যাঙ্ক/ এসএইচসিআইএল কার্যালয়সমূহ/ ডাকঘরসমূহ / প্রতিনিধিগণ(এজেন্ট)।

**4. আবেদনের সাথে প্রদত্ত অর্থের উপর সুদ**

আবেদনকারীদের বিদ্যমান সেভিংস ব্যাঙ্ক জমার হারে সুদ প্রদান করা হবে, পেমেন্ট করা অর্থরাশি লব্ধ হওয়ার(রিয়ালাইজেশন) তারিখ থেকে শুরু করে নিষ্পত্তির তারিখ(সেটেলমেন্ট ডেট) পর্যন্ত সময়ের জন্য অর্থাৎ যতদিন তাঁরা ফান্ডকে নিজের আওতার বাইরে রাখবেন ততদিনের জন্য। যেক্ষেত্রে আবেদনকারীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট আবেদন গ্রহণকারী ব্যাঙ্কে থাকবে না, ইলেক্ট্রনিক ফান্ড স্থানান্তরণ প্রক্রিয়ার মাধ্যমে আবেদনকারী দ্বারা প্রদত্ত অ্যাকাউন্ট সংক্রান্ত বিশদ তথ্যাদি অনুযায়ী সুদরাশি সেই অ্যাকাউন্টে জমা করে দেওয়া হবে৷

**5. বাতিল করার পদ্ধতি**

জারিকরন বন্ধ হওয়া অর্থাৎ জুলাই 14, 2017 তারিখ পর্যন্ত আবেদন বাতিলের অনুমতি আছে৷ গোল্ড বন্ড ক্রয়ের জন্য জমা পড়া অনুরোধ আংশিকভাবে বাতিল করার অনুমতি নেই৷ যদি আবেদন বাতিল করা হয় আবেদনের সাথে দেওয়া অর্থের জন্য কোনও সুদ প্রদান করার প্রয়োজন নেই৷

**6. পূর্বস্বত্ব রক্ষণ (লিয়েন মার্কিং)**

যেহেতু বন্ডগুলি হল গভর্নমেন্ট সিকুরিটি, পূর্বসত্ব রক্ষণ ইত্যাদি করা হবে গভর্নমেন্ট সিকুরিটিজ অ্যাক্ট, 2006-এর বিদ্যমান আইনি বিধান এবং তার অধীনে গঠিত বিধি অনুসারে।

**7. এজেন্সি ব্যবস্থাপনা**

তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কগুলি তাদের হয়ে আবেদনপত্র সংগ্রহ করতে এনবিএফসি, এনএসসি এজেন্ট, এবং অন্যদের নিয়োজিত করতে পারে৷ ব্যাঙ্ক এইসকল সংস্থার সাথে বন্দোবস্ত করতে বা গাঁটছড়া বাঁধতে পারে৷ আবেদন গ্রহণকারী কার্যালয়ে গৃহীত আবেদনের জন্য মোট জমা হওয়া সাবস্ক্রিপশন রাশির প্রতি একশ টাকার উপর এক টাকা হারে বন্টনকার্য বাবদ কমিশন প্রদান করা হবে এবং গ্রহণকারী কার্যালয়সমূহ এরূপে প্রাপ্ত কমিশনের অন্ততঃ 50% সেইসকল এজেন্ট বা সাব-এজেন্টদের মধ্যে ভাগ করবে যাঁদের মাধ্যমে ব্যবসাকর্মটি অর্জিত হয়েছে৷

**8. আরবিআই-এর ই-কুবের ব্যবস্থার মাধ্যমে প্রক্রিয়াকরণ**

তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কের শাখা এবং দায়িত্বপ্রাপ্ত ডাকঘরগুলিতে সাবস্ক্রিপশন করার জন্য সভরেন গোল্ড বন্ড আরবিআই-এর ই-কুবের ব্যবস্থা উপলব্ধ থাকবে৷ হয় ইনফিনেট অথবা ইন্টারনেট ব্যবস্থার মাধ্যমে ই-কুবের ব্যবস্থায় প্রবেশ করা যাবে৷ আবেদন গ্রহণকারী কার্যালয়কে গৃহিত সাবস্ক্রিপশনের জন্য ডেটার খতিয়ানভুক্তি বা একত্রীকৃত আপলোড-কার্য সম্পাদন করতে হবে৷ তারা খতিয়ানভুক্ত ডেটার অভ্রান্ততা নিশ্চিত করবে যাতে অনিচ্ছাকৃত ভুলের ঘটনা প্রতিরোধ করা যায়৷ তাদেরকে আবেদন গ্রহণের জন্য একটি তৎকালভিত্তিক নিশ্চয়তা স্বীকৃতি প্রদান করা হবে৷ উপরন্তু, আবেদন গ্রহণকারী কার্যালয়কে তাদের ডেটাবেস নবীকরণে সক্ষম করার উদ্দেশ্যে ফাইল আপলোডের ক্ষেত্রে একটি নিশ্চয়তা স্বীকৃতি পরচা(কনফারমেশন স্ক্রল) প্রদান করা হবে৷ আবন্টনের তারিখ(ডেট অফ অ্যালটমেন্ট),অর্থাৎ জুলাই 28 , 2017-তে সমস্ত সাবস্ক্রিপশনের জন্য একমাত্র/ প্রধান ধারকের নামে ধারক প্রমাণপত্র প্রস্তুত করা হবে৷ গ্রহণকারী কার্যালয় সেগুলি ডাউনলোড করতে এবং প্রিন্ট-আউট নিতে পারবে৷ যেসব লগ্নিকারী তাঁদের ই-মেল ঠিকানা প্রদান করেছেন তাঁদেরকে ধারক প্রমাণপত্র ই-মেলের মাধ্যমেও প্রেরণ করা হবে৷ আবেদনে প্রদত্ত তথ্যাবলী ডিপোজিটরির খতিয়ানের সাথে মিলে যাওয়ার শর্তে পরবর্তী সঠিক সময়ে সিকুরিটিগুলিকে তাঁদের ডিম্যাট অ্যাকাউন্টে জমা করে দেওয়া হবে৷

**9. ধারকত্বের প্রমাণপত্রের প্রিন্ট করা**

A4 মাপের 100 জিএসএম কাগজে ধারক প্রমাণপত্রের রঙিন প্রিন্ট নিতে হবে৷

**10. সংশ্লিষ্ট পরিষেবাপ্রদান এবং পরবর্তীকালের পরিষেবা অব্যাহত রাখা সংক্রান্ত ব্যবস্থাপনা**

গ্রহণকারী কার্যালয়, অর্থাৎ, তফশিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্কের শাখা, দায়িত্বপ্রাপ্ত ডাকঘর, এসসিএইচআইএল এবং স্টক এক্সচেঞ্জগুলি (এনএসই লিমিটেড এবং বিএসই) গ্রাহকদের 'নিজস্ব' গ্রাহক হিসাবে গণ্য করবে এবং এই বন্ডটির বিষয়ে দরকারি পরিষেবা প্রদান করবে যেমন যোগাযোগ সংক্রান্ত বিশদ তথ্যের নবীকরণ, প্রাক-মেয়াদপূর্তী নগদীকরণ(এনক্যাশমেন্ট)-এর অনুরোধ গ্রহণ, ইত্যাদি৷ আবেদনকারী কার্যালয়গুলিকে বন্ডগুলির মেয়াদপূর্তী হওয়া এবং পরিশোধ হওয়া পর্যন্ত আবেদনগুলি সংরক্ষণ করতে হবে৷

**11. কারবার যোগ্যতা**

সেই তারিখ থেকে বন্ডগুলি কেনাবেচার যোগ্য হবে যেমনভাবে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক বিজ্ঞাপিত হবে। (উল্লেখ্য যে কেবলমাত্র সেই বন্ডগুলিই স্টক এক্সচেঞ্জে কেনাবেচা করা যাবে যেগুলি ডিপোজিটরিতে ডিম্যাট রূপে রক্ষিত থাকবে)

**12. যোগাযোগ সংক্রান্ত বিশদ**
কোনও জিজ্ঞাস্য/স্পষ্টীকরণের জন্য নিম্নলিখিতের নিকট ই-মেল করতে হবে:

(a) সভরেন গোল্ড বন্ড সংক্রান্ত: ই-মেল পাঠাতে অনুগ্রহ করে **এখানে ক্লিক করুন**।
(b) আইটি সংক্রান্ত: ই-মেল পাঠাতে অনুগ্রহ করে **এখানে ক্লিক করুন**।

আপনার বিশ্বস্ত,
(সাইনি সুনীল)
উপ মহাপ্রবন্ধক